# নিয়োগ বিজ্ঞপ্তি

০১/০৯/২০২৫ ইং

রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস) একটি জাতীয় পর্যায়ের বে-সরকারী উন্নয়নমূলক সংস্থা। শেরপুর, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, গাজীপুর জেলাসহ প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র মানুষের সার্বিক উন্নয়নে কাজ করে আসছে। এমআরএ সনদ নং-০০১৯৩-০০০২৮-০০৩৭৪, এনজিও ব্যুরো'র সনদপ্রাপ্ত এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পরিচালিত ক্ষুদ্র ঋণ কর্মসূচিতে নিয়োগ ও প্যানেল তৈরী করার লক্ষ্যে আগ্রহী, কর্মঠ, বুদ্ধিদীপ্ত ও অধুমপায়ী বাংলাদেশের স্থায়ী বাসিন্দা পুরুষ প্রার্থীদের নিকট থেকে নিম্নোক্ত পদের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম, বয়স | শিক্ষাগত যোগ্যতা ও বেতন |
|---|---|
| **১. শাখা ব্যবস্থাপক (মাইক্রোক্রেডিট)**<br>গ্রেড- **(VI)**, বয়স ঃ সর্বোচ্চ ৪৫ বছর।<br>**পদ সংখ্যা- ১৫ টি (পুরুষ)।** | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/স্নাতকোত্তর পাস। ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে শাখা ব্যবস্থাপক হিসাবে কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ৩১,৫০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ৩৪,৪৩৩/- টাকা। কম্পিউটারে (MS word, excel & Internet Browsing) এ কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পিকেএসএফ এর অর্থায়নকৃত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সকল শর্ত শিথিলযোগ্য। বৈধ মোটর সাইকেল ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। |
| **২. ক্রেডিট অফিসার (মাইক্রোক্রেডিট)**<br>গ্রেড- **(VIII)**, বয়স ঃ ২৫-৩৫ বছর।<br>**পদসংখ্যা ঃ ৫০ টি (পুরুষ)।** | স্নাতক/সমমান। শিক্ষানবিশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ২১,৩০০/-টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ২৩,৩৯৩/- টাকা। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। পুরুষদের বাইসাইকেল/মটরসাইকেল চালানো জানতে হবে। পিকেএসএফ এর অর্থায়নকৃত প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে সকল শর্ত শিথিলযোগ্য। |
| **৩. জুনিয়র ক্রেডিট অফিসার (মাইক্রোক্রেডিট)**<br>গ্রেড- **(IX)**, বয়স ঃ ২৫-৩৫ বছর।<br>**পদসংখ্যা ঃ ৫০ টি** | এইচ.এস.সি/সমমান। শিক্ষানবিশকালীন ৬ মাস সর্বসাকুল্যে বেতন ভাতা ১৯,৩০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ২১,০৬৮/- টাকা। কম্পিউটারে (MS word, excel) জানা প্রার্থীদের অগ্রাধিকার হবে। |
| **৪. সাপোর্ট স্টাফ**<br>বয়স ঃ ২০-৩০ বছর।<br>**পদসংখ্যা ঃ ১৫ টি** । | জেএসসি পাস। ৬ মাস শিক্ষানবীশকালীন সর্বসাকুল্যে বেতন ভাতা ১৫,৪০০/- টাকা এবং স্থায়ীকরণের পর সর্বসাকুল্যে বেতন ভাতা ১৬,৩১৪/- টাকা। রান্না করতে পারে এমন প্রার্থীদের আবেদন করার জন্য বলা হল। |

**শর্তাবলী ঃ**

১। আগ্রহী প্রার্থীদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ন্যাশনাল আইডি কার্ডের ফটোকপি, অভিজ্ঞতার সনদ, ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, মোবাইল নম্বর এবং **আগামী ৩০/০৯/২০২৫ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর নিম্ন ঠিকানায় দরখাস্ত আহবান করা যাচ্ছে। পরীক্ষার ফি বাবদ ২০০/- টাকা পরীক্ষার সময় নগদে জমা দিতে হবে।**

২। চাকুরী স্থায়ীকরণের পর সংস্থার নীতিমালা অনুযায়ী বেতন ভাতা ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। সকল পদের জন্য বাৎসরিক ৩টি উৎসব ভাতা, ইনসেন্টিভ বোনাস, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, অসুস্থতা ও মাতৃত্বকালীন ছুটি স্ববেতনে ৬ (ছয়) মাস, অর্জিত ছুটির বিপরীতে ভাতা, কল্যাণ তহবিল সুবিধা ও সংস্থা প্রদত্ত অন্যান্য সুবিধা প্রদান করা হবে।

৩। যোগদানের সময় সংস্থার অনুকূলে ১নং পদের জন্য ১০,০০০/- টাকা, ২ ও ৩নং পদের জন্য ৮,০০০/- টাকা, ৪নং পদের জন্য ৪,০০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিসাবে জমা দিতে হবে, যার বিপরীতে নির্ধারিত হারে সুদসহ প্রদান করা হবে।

৪। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে পূর্বের চাকুরীস্থলের ছাড়পত্র এবং স্মারক ও তারিখ সহ অভিজ্ঞতার মূল সনদ প্রদর্শন করতে হবে।

৫। প্রার্থীদের মোটর সাইকেল/বাই সাইকেল চালানো জানতে হবে। নিজস্ব মোটর সাইকেল/বাই সাইকেল থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

৬। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে অবশ্যই প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন দরখাস্ত বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৭। আরডিএস এর চাকুরী থেকে অব্যাহতি পেয়েছে অথবা চাকুরী থেকে বরখাস্ত করা হয়েছে এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।

৮। অধ্যয়নরত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

সংস্থা সম্পর্কে বিস্তারিত জানার জন্য সংস্থার ওয়েবসাইট www.rds-bd.org ভিজিট করুন। নিম্নোক্ত ঠিকানা হতে সরাসরি তথ্য সংগ্রহ করা যাবে। দরখাস্ত পাঠানোর ঠিকানা- **প্রধান নির্বাহী কর্মকর্তা, রুরাল ডেভেলপমেন্ট সংস্থা (আরডিএস), ৪৯ গৃর্দানারায়নপুর, শেরপুর টাউন, শেরপুর-২১০০।**